দৈনিক সংবাদ

তারিখ 09 SEP 1989
পৃষ্ঠা ৪ কলাম ৩

C58

৮০

## কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ এবং শিক্ষা মন্ত্রণালয় সমীপে

বিগত ১৬-৩-৮৯ ইংরেজী তারিখে অনুষ্ঠিত চার বোর্ডের এস এসসি পরীক্ষার ফলাফল গত ২৭-৭-৮৯ ইংরেজী তারিখে ঘোষণা করা হয়েছে। কিন্তু কুমিল্লা বোর্ডের অধীনে রাউজান উপ-জেলার দক্ষিণ রাউজানের প্রায় দুই হাজার পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হয়েছে। এর কারণ হিসেবে আমরা জানতে পেরেছি যে, ইংরেজী ২য় পত্র পরীক্ষা চলাকালে প্রায় এক ঘন্টা পর বোর্ডের জনৈক পরিদর্শক কেন্দ্র পরিদর্শনে আসেন এবং সেই সময়ে তিনি দু'তিনজন ছাত্রকে নকল করতে দেখেন। তিনি সংগে সংগে তাদেরকে নকল করতে বাধা দিলে তারা বহিরা-গতদের সাহায্য নিয়ে উক্ত পরি-দর্শককে লাঞ্ছিত করে এবং অন্যান্য পরীক্ষার্থীকে হল থেকে বের করে দিয়ে চেয়ার-টেবিল ভাঙচুর করে এবং বেশ কিছু ছাত্রের খাতা কেড়ে নিয়ে অগ্নি-সংযোগ করে, কিন্তু সাধারণ পরীক্ষার্থীরা কেন্দ্র কর্তৃপক্ষের ঘোষণার পরিপ্রেক্ষিতে অনেক কষ্টে যথাসময়ে খাতা জমা দেয়। এরপরও গত ১৯।৩।৮৯ ইংরেজী তারিখে দৈনিক পত্রিকাগুলোতে এবং কেন্দ্রে পরীক্ষার্থীদেরকে জানিয়ে দেয়া হয়েছিল যে, গণ্ড-গোলের দরুন ইংরেজী ২য় পত্রের পরীক্ষা পুনরায় নেয়া হবে এবং উক্ত পরীক্ষার তারিখ যথাসময়ে জানিয়ে দেয়া হবে। অথচ সব পরীক্ষা শেষ হওয়ার পরও উক্ত ঘোষণা অনুযায়ী পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়নি। এরপর কয়েকবার জাতীয় দৈনিক পত্রিকা-গুলোতেও এই ব্যাপারে অনেক লেখালেখি হয়েছিল। পরে স্কুলে গিয়ে ছাত্ররা শিক্ষকদের কাছ থেকে জানতে পারে যে, যে সব

(২-এর পাতায় দেখুন)